

মেরুকরণের লক্ষ্য উদ্দেশ্যপ্রণোদিত অশান্তি, বললেন সূর্য মিশ্র শান্তি ও সম্প্রীতির পরিবেশ বজায় রাখার আবেদন

নাগরিকত্ব আইন নিয়ে রাজ্য উত্পন্ন পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। একদিকে বামপন্থীরা যখন গণতান্ত্রিক প্রতিবাদ আন্দোলনের পথে মানুষকে নাগরিকত্ব আইনের বিরুদ্ধে এক্যবন্ধভাবে সংগঠিত করে রাস্তায় নামানোর চেষ্টা করছেন, তখনই মানুষের মধ্যে ছড়িয়ে পড়া আতঙ্ক আর বিক্ষেপে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা দেখা দিয়েছে। শুক্রবার মুর্শিদাবাদের বেলডাঙ্গ আর হাওড়ার উলুবেড়িয়ায় রেলস্টেশনে হামলা চালিয়েছে বিক্ষেপকারীরা। স্টেশনে ব্যাপক ভাঙ্গচুরের পাশাপাশি দূরপাল্লার ট্রেনেও পাথর ছুঁড়েছে তাঁরা। বিক্ষেপের জেরে ট্রেন চলাচল বিস্থিত হয়েছে।

এই অস্থিরতা সৃষ্টির জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকারকে দায়ী করে সিপিআই(এম)'র রাজ্য সম্পাদক সূর্য মিশ্র বলেছেন, সারা দেশে আগুন জ্বালানোর জন্য দায়ী দেশের প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী। নাগরিকত্ব সংশোধনী

আইন অবিলম্বে বাতিল করতে হবে, আর পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী কেন্দ্রের সঙ্গে হাত মিলিয়ে ডিটেনশন ক্যাম্প বানানো ও এনপিআর চালু করার যে উদ্যোগ নিয়েছেন তা বন্ধ করতে হবে। মেরুকরণের লক্ষ্যে উদ্দেশ্যপ্রণোদিত অশান্তি সৃষ্টি করা হচ্ছে।

রাজ্য শান্তি ও সম্প্রীতি বজায় রাখার আবেদন করে মিশ্র বলেছেন, আতঙ্কিত হবেন না, যতই নাগরিকত্ব সংশোধনী আইন করুক এরাজ্য থেকে একজন নাগরিককেও সীমান্ত পার করতে দেওয়া হবে না। তার জন্য লড়াই করতে হবে। রাজ্যের মানুষের কাছে আমাদের আবেদন, শান্তি ও সম্প্রীতির পরিবেশ বজায় রেখে গণতান্ত্রিক পথে প্রতিবাদ করুন।

১৩ডিসেম্বর, ২০১৯